# পুলিশের মতো অন্য বাহিনীকেও জবাবদিহি করতে হবে: স্বরাষ্ট্রমন্ত্রী




স্বরাষ্ট্রমন্ত্রী সালাউদ্দিন আহমেদ। ছবি: সংগৃহীত

স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ বলেছেন, বিএনপি সরকার দায়িত্ব নেওয়ার ছয় মাসে আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে কোনো ঘটনার পর আসামি গ্রেপ্তারে ব্যর্থ হয়নি। পুলিশের পাশাপাশি অন্যান্য আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকেও জবাবদিহিতার আওতায় আনা হবে।

সম্প্রতি রংপুরের আলোচিত হত্যাকাণ্ডের প্রসঙ্গ টেনে তিনি বলেন, ঘটনাটির আসামিদের যৌক্তিক সময়ের মধ্যেই গ্রেপ্তার করা হয়েছে। দায়িত্ব নেওয়ার পর মাত্র ছয় মাসের মধ্যে এর চেয়ে বেশি কিছু প্রত্যাশা করা ঠিক হবে না বলেও মন্তব্য করেন তিনি।

বুধবার (২৬ আগস্ট) সকালে রাজধানীর নয়াপল্টনে বিএনপির কেন্দ্রীয় কার্যালয়ের সামনে পবিত্র ঈদে মিলাদুন্নবী (সা.) উপলক্ষে আয়োজিত মিলাদ ও দোয়া মাহফিলে এসব কথা বলেন বিএনপির স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমদ।

LENS ASIA

অনুষ্ঠানে বিএনপির ভারপ্রাপ্ত মহাসচিব রুহুল কবির রিজভী বলেন, দেশের মানুষ খেয়ে-পরে শান্তিতে বসবাস করতে চায়। বিএনপি সরকার নির্বাচনী ইশতেহারে দেওয়া প্রতিশ্রুতি অনুযায়ী মানুষের এসব মৌলিক চাহিদা পূরণে কাজ করে যাচ্ছে।

তিনি বলেন, বিশ্বনবী হজরত মুহাম্মদ (সা.)-এর আদর্শ অনুসরণ করলে সমাজে শান্তি প্রতিষ্ঠা সম্ভব। এ জন্য সবাইকে মহানবীর দেখানো পথে চলার আহ্বান জানান রুহুল কবির রিজভী।